

আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৬৫২.২১-৮৪৪

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯

১২ মে ২০২২


বিষয়: রিট পিটিশন নং ১২১৩৭/২০২১ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ
দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ১২১৩৭/২০২১-এর ০৮/১২/২০২১ খ্রিষ্টাব্দের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলার ৪নং
আওনা ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী জনাব মো: বেজাল হোসেন-এর দাখিলকৃত
মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল হওয়ায় প্রার্থী সংস্কৃদ্ধ হয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব
মহোদয়সহ সাত জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং ১২১৩৭/২০২১ দায়ের করেন। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে
আদেশ গ্রহণের তারিখ হতে ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। রিটের ৩নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, জামালপুর।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১২১৩৭/২০২১ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ
দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট
জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য
নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।



১২-৫-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: 9540995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৬৫২.২১-৮৪৪/১(৪)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯

১২ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১২-৫-২০২২
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব